গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
**ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) প্রকল্প**
২১/১ & ২১/২ বীর উত্তম এ,এন,এম নুরুজ্জামান সড়ক, শ্যামলী স্কয়ার(১০ম তলা), ঢাকা-১২০৭

স্মারক নং-৪১.০১.০০০০.০৯০.৯৯.০০১.২০১৯-১০১৬ | তারিখ: ০৭ আশ্বিন ১৪৩২ / ২২ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়ঃ প্রতারক চক্র/হ্যাকারদের বিষয়ে সতর্কীকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরের জন্য প্রস্তুতকৃত এমআইএস এর মাধ্যমে সারাদেশের সকল ইউনিটের পে-রোল আনয়নের কাজ চলমান হয়েছে। সম্প্রতি হ্যাকার/প্রতারক চক্র সমাজসেবা অধিদপ্তরের মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তাদের নিকট সিটিএম প্রকল্পের কর্মকর্তা পরিচয় দিয়ে ওটিপি চাচ্ছে যার মাধ্যমে প্রতারক চক্র নানাবিধ প্রতারণা ও আর্থিক ক্ষয়ক্ষতি করতে পারে। সমাজসেবা অধিদপ্তর বা সিটিএম প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারী কর্তৃক কখনোই মাঠপর্যায়ের অন্য কোনো কর্মকর্তা-কর্মচারীর নিকট ওটিপি চাওয়া হয় না।

এমতাবস্থায়, এ বিষয়ে সকলকে সতর্ক থাকা এবং কোনভাবেই কোন ওটিপি প্রদান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(স্বাক্ষর) ২২/০৯/২৫

(গোলাম মোস্তফা)
উপপ্রকল্প পরিচালক-১ (পরিচালক)
সিটিএম প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর
ফোনঃ ০২-২২২২৪৩৩০৬
ইমেইলঃ gmostofa1970@yahoo.com

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)
.................. বিভাগ।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:</u>

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। পরিচালক, (প্রশাসন ও অর্থ/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল);
৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল);
৫। শহর সমাজসেবা কর্মকর্তা, শহর সমাজসেবা কার্যালয় (সকল);
৬। অফিস নথি।